


“ হতদরিদ্রের জন্য সরকার নির্ধারিত মূল্যে খাদ্যশস্যে বিতরণের জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি ”

লাকসাম উপজেলায় আজগরা ইউনিয়নে হতদরিদ্রের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে খাদ্যশস্যে বিতরণের জন্য ০২(দুই) জন ডিলার নিয়োগ করা হইবে। ডিলারশীপ পরিচালনা কার্যক্রমে আগ্রহী প্রার্থীগণকে আগামী ০৭/০৩/২০২২ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় লাকসাম এ আবেদনপত্র দাখিল করিতে অনুরোধ করা হলো।

আগ্রহী ব্যক্তিদের নিম্নলিখিত কাগজপত্র ও যোগ্যতা থাকতে হবে :

- ১। ডিলারকে বাংলাদেশের নাগরিক হতে হবে, বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
- ২। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও পন্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৩। ডিলারকে একসঙ্গে কমপক্ষে ১৫.০০ মেঃ টন চাল অথবা গম সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- ৪। ডিলারকে ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ৫। ডিলারকে আর্থিক দিক থেকে স্বচ্ছল ও মালামাল হিসাব সংরক্ষণের সক্ষম হতে হবে। (ব্যাংক সলভেন্সী সনদ সংযুক্ত করতে হবে)।
- ৬। ০২ (দুই) কপি পাশপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৭। দোকানের দলিলের ফটোকপি/ ভাড়াটিয়া চুক্তিনামা।
- ৮। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবেন না।
- ৯। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১০। প্রতি ডিলার নিয়োগ প্রাপ্তির পর জামানত হিসাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মনোহরগঞ্জ কুমিল্লা এর অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরতযোগ্য) পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।
- ১১। নিয়োগপ্রাপ্তির পর ডিলারকে ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামায় স্বাক্ষর করতে হবে।
- ১২। নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী মেনে চলতে হবে।



ফরিদ আহমদ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,
লাকসাম, কুমিল্লা।
তারিখঃ ০৩/০৩/২০২২ইং।

স্মারক নং- ১৯৯(১৫)

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ৪। উপজেলাঅফিসার/ কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা।
- ৫। চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন পরিষদ, লাকসাম।
- ৬। জনাব.....সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি/ইউনিয়ন তালিকা প্রনয়ন কমিটি।
- ৭। নোটিশ বোর্ড, অত্র অফিস/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লাকসাম, কুমিল্লা।
- ৮। অফিস কপি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,
লাকসাম, কুমিল্লা।